

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.৩৪.০০১.১৫-৮০৯

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৭  
৩০ জুন, ২০২০

## নতুন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে ময়মনসিংহ জেলা পরিষদের অধীন সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ২ (দুই) কোটি টাকা পর্যন্ত কার্যক্রয়ের লক্ষ্যে নতুন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগামী ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত জেলা পরিষদের নির্ধারিত ফর্মের মাধ্যমে এসটিডি হিসাব নং- ২৪০০৩১০৩২ রূপালী ব্যাংক লিমিটেড, ছোট বাজার শাখা, ময়মনসিংহে ফরমের মূল্য বাবদ ১০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) জমা দিয়ে ব্যাংক স্ক্রল জেলা পরিষদ কার্যালয়ে দাখিল পূর্বক ঠিকাদার তালিকাভুক্তি ফরম সংগ্রহ করা যাবে। আগামী ১৫/০৯/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে ফরমে উল্লিখিত আনুষঙ্গিক কাগজপত্রসহ জেলা পরিষদ ময়মনসিংহ কার্যালয়ে জমা দিতে হবে। বর্ণিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। ময়মনসিংহ জেলা পরিষদের অধীন তালিকাভুক্ত সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরের জন্য নিম্নলিখিত শর্তে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি নবায়ন করা যাবে :

ক) আগামী ০১/০৭/২০২০ খ্রিঃ তারিখ হতে ৩০/০৯/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ২০০০/- টাকা ১৫% ভ্যাটসহ ২৩০০/- (দুই হাজার তিনশত) টাকা। জেলা পরিষদের নির্ধারিত স্লিপের মাধ্যমে এসটিডি হিসাব নং-২৪০০৩১০৩২ রূপালী ব্যাংক লিমিটেড, ছোট বাজার শাখা, ময়মনসিংহে জমা দিয়ে ব্যাংক স্ক্রল জেলা পরিষদ কার্যালয়ে দাখিল পূর্বক ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি নবায়ন করা যাবে।

খ) এছাড়া নির্ধারিত সময়ের পরে ০১/১০/২০২০ খ্রিঃ তারিখ হতে ৩০/১২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ৫০% জরিমানাসহ ৩০০০/- টাকা ১৫% ভ্যাটসহ ৩৪৫০/- (তিন হাজার চারশত পঞ্চাশ) এবং ০১/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে ২৯/০৬/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ১০০% জরিমানাসহ ৪০০০/- টাকা ১৫% ভ্যাটসহ ৪৬০০/- (চার হাজার ছয়শত টাকা) পরিশোধ করে নবায়নের আবেদন করা যাবে।

গ) উল্লিখিত তারিখের মধ্যে ২০২০-২০২১ অর্থ বছরের নবায়নকৃত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র ও নবায়নকৃত চেম্বার অব কমার্সের সনদপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।



(মোঃ আবু বক্কর ছিদ্দিক)  
সহকারী প্রকৌশলী (ভাঃ)  
জেলা পরিষদ, ময়মনসিংহ  
ফোন: ০৯১-৬৫৯০৭

ই-মেইল: [aezpmym@gmail.com](mailto:aezpmym@gmail.com)তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৭  
৩০ জুন, ২০২০


স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.৩৪.০০১.১৫-৮০৯/১(৩০)

অনুলিপি সদয় অবগতি/ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ প্রেরণ করা হলো:-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. পুলিশ সুপার, ময়মনসিংহ।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৬. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড/শিক্ষা/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।
৭. উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), ময়মনসিংহ।
৮. সম্পাদক, দৈনিক আজকের বাংলাদেশ/ The Daily Sun /দৈনিক আমাদের সময়, ময়মনসিংহ। বর্ণিত নোটিশটি আপনার পত্রিকায় আগামী ০৭/০৭/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে (৫'x৩ কলাম সাইজে) ০১ (এক) (ছুটির দিন ব্যতিত) প্রকাশ করতঃ প্রকাশিত পত্রিকায় ০২ (দুই) কপি পত্রিকাসহ যথাযথভাবে বিল দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৯. অফিস নথি/নোটিশ বোর্ড, জেলা পরিষদ, ময়মনসিংহ।



সহকারী প্রকৌশলী  
জেলা পরিষদ, ময়মনসিংহ

